দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 18 SEPTEMBER 2025 ,THURSDAY|১৮ সেপ্টেম্বর ২০২৫ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-397

## ৪ সপ্তাহেই মধ্যেই মিলবে SC-ST সার্টিফিকেট ,নির্দেশ নবান্নের





এই যুগ, কলকাতা ,১৭ সেপ্টেম্বর : এবার থেকে খুব সহজেই মিলবে তফসিলি জাতি ও উপজাতিদের সার্টিফিকেট। সোমবার নবান্নে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে রাজ্যের তফসিলি জাতি উন্নয়ন পর্ষদের বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়েছে। আবেদন করার ৪ সপ্তাহের মধ্যে আবেদনকারী যাতে শংসাপত্র হাতে পান, সে বিষয়ে বিশেষ নজরদারির নির্দেশও দিয়েছে মুখ্যমন্ত্রী । বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী, বিধায়ক, সাংসদ ছাড়াও সংশ্লিষ্ট দপ্তরের সচিব ও আধিকারিকরা। আলোচনার মূল বিষয় ছিল তফসিলি জাতি ও উপজাতিদের দ্রুত ও সহজে শংসাপত্র যাতে দেওয়া সহ এর মাধ্যমে সরকারি প্রকল্প গুলোর সুবিধা গ্রহণের সুযোগ বাড়ানো। এছাড়া শিক্ষা ও আর্থিক উন্নয়নের ক্ষেত্রে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প রয়েছে।এই বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, এই প্রকল্পগুলির তদারকি আরও সহজ করতে হবে যাতে এর সুবিধা প্রত্যন্ত অঞ্চলের ছাত্র ছাত্রীদের কাছে সহজে পৌঁছয়। তফসিলি জাতিভুক্ত যুবক যুবতী দের কর্মসংস্থান ও প্রশিক্ষণের সুযোগ বাড়ানো হবে এও সিদ্ধান্ত নেওয়া হয়েছেবলেজানা গেছে।বর্তমানে SC-ST সার্টিফিকেট পেতে প্রায় আট সপ্তাহ সময় লাগে। সেই নিয়ম বদলে চার সপ্তাহের মধ্যে শংসাপত্র দেওয়ার পরিকল্পনা করা হচ্ছে সরকারের তরফে।রাজ্য সরকারের দাবি, এ পরিবর্তনের ফলে মানুষ দ্রুত SC-ST সার্টিফিকেট হাতে পাবেন। পাশাপাশি প্রশাসন নিশ্চিত করবে যাতে প্রকৃত উপভোক্তারাই এই এসসি শংসাপত্র পান। অযোগ্য বা অনৈতিক ভাবে কেউ যেন এই সুবিধা না নিতে পারে, তার জন্য কড়া নজরদারি থাকবে প্রশাসনের তরফে।

## বোনাসের দাবিতে শ্রীনাথপুর চা বাগানে গেট মিটিং



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ সেপ্টেম্বর : কুড়ি শতাংশ বোনাস মিটিয়ে না দিলে শ্রীনাথপুর চা বাগানের সমস্ত শ্রমিক ডুয়ার্স কন্যা অভিযান করতে যাবে এমনটাই সিদ্ধান্ত হয়েছে বুধবার আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের শ্রীনাথপুর চা বাগানে সিটুর ডাকা গেট মিটিংয়ে এমনটাই জানিয়েছেন জেলা নেতা বিদ্যুৎ গুণ বুধবার দুপুরে। বৃষ্টিকে উপেক্ষা করে ছাতা মাথায় দিয়ে শ্রীনাথপুর চা বাগানের সিটু সমর্থিত শ্রমিকরা গেট মিটিংয়ে শামিল হয়েছেন বুধবার বেলা আটটা নাগাদ। দীর্ঘক্ষণ ধরে চলে তাদের এই গেট মিটিং। সরকারের নির্দেশ থাকা সত্ত্বেও চল্লিশটি চা বাগান ১৫ ই সেপ্টেম্বরের মধ্যে বোনাস প্রদান করেনি। ফলে শ্রমিকদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে বোনাস নিয়ে। খুব শীঘ্রই তারা বৃহত্তর আন্দোলনে নামবেন বোনাস নিয়ে করা হুশিয়ারি দিলেন সিটু নেতা।



# অঞ্চল চেয়ারম্যান পদ থেকে ইস্তফা তৃণমূল নেতার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ সেপ্টেম্বর : অঞ্চল চেয়ারম্যানের পদ থেকে ইস্তফা দিলেন আলিপুরদুয়ার ২ ব্লকের টটপাড়া ২ গ্রাম পঞ্চায়েতের তৃণমূল নেতা বাবলু রায় এমনটাই জানা গেছে তার কাছ থেকে বুধবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। দলের ব্লক সভাপতি এর কাছে ইস্তফা পত্র পাঠিয়ে দিয়েছেন জানিয়েছেন বাবলু রায়। দীর্ঘদিন যাবৎ তিনি দলের হয়ে কাজ করেন। এক সময় তিনি সিভিক ভলেন্টিয়ার হিসেবে কাজ করতেন । কিন্তু দলের পূর্ণ দায়িত্ব তার উপর থাকায় তিনি সিভিক ভলেন্টিয়ার এর চাকরি ছেড়ে দেন। মঙ্গলবার রাতে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের নয়টি গ্রাম পঞ্চায়েতের অঞ্চল সভাপতি এবং অঞ্চল চেয়ারম্যানের নাম প্রকাশ করা হয়েছে। দলীয় ভাবে প্রকাশ হওয়ার পরেই বাবলু রায় তালিকা পাওয়ার পর ইস্তফা দেওয়ার জন্য রাতেই প্রস্তুত হয়েছেন। বুধবার য...

# সংবর্ধনার জোয়ারে ভাসলো গ্রাম পঞ্চায়েতের অঞ্চল সভাপতি এবং অঞ্চল চেয়ারম্যান



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ সেপ্টেম্বর : সংবর্ধনার জোয়ারে ভাসলো মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের অঞ্চল সভাপতি এবং মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের অঞ্চল চেয়ারম্যান এমনটাই জানা গেছে দলীয় কর্মীদের কাছ থেকে বুধবার বিকেল সাড়ে চারটা নাগাদ। মঙ্গলবার অধিক রাতে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ৯ টি গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের অঞ্চল সভাপতির নাম ঘোষণা হয়েছে দলীয়ভাবে। নাম ঘোষণা হওয়ার পর থেকেই সোশ্যাল মিডিয়ায় মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের অঞ্চল সভাপতি এবং অঞ্চল চেয়ারম্যান কে সবুজ অভিনন্দন জানানো হচ্ছে। বুধবার দলীয় কর্মীরা এক জোট হয়ে অঞ্চল সভাপতি এবং অঞ্চল চেয়ারম্যান কে সবুজ আবীর পরিয়ে উত্তরীয় গলায় দিয়ে মিষ্টি মুখ করালেন তারা।

# দলীয় পদ ছাড়ার হিড়িক পড়েছে আলিপুরদুয়ার জেলায়



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ১৭ সেপ্টেম্বর : তৃণমূলের ব্লক কমিটি থেকে ইস্তফা দিলেন চারজন সহ-সভাপতি একজন সম্পাদক। এছাড়াও টটপাড়া ২ গ্রাম পঞ্চায়েতের অঞ্চল চেয়ারম্যান পদ থেকে ইস্তফা দিলেন তৃণমূল নেতা। রীতিমতো একদিনেই পাঁচ জন দলীয় পদ থেকে ইস্তফা দিলেন। আলিপুরদুয়ার জেলায় তৃণমূলের ছটি ব্লকের ব্লক সভাপতি এবং অঞ্চল সভাপতি নাম ঘোষণা হওয়ার পরেই রীতিমতো সাংবাদিক সম্মেলন দেখে ইস্তফা দেওয়ার কথা জানিয়েছেন নেতৃত্বরা। সোশ্যাল মিডিয়ায় জেলা নেতৃত্বে বিরুদ্ধে নানারকম পোস্ট দেখা যাচ্ছে। আলিপুরদুয়ার জেলার তৃণমূলের প্রাক্তন জেলা পরিষদের কর্মাধ্যক্ষ দেবজিৎ সরকারের নেতৃত্বে আলিপুরদুয়ার ২ ব্লক থেকে পাঁচজন ব্লক কমিটি থেকে ইস্তফা দিয়েছেন। তবে তৃণমূলের ব্লক সভাপতি জ্যোতি দাস অধিকারী ইস্তফা পত্র প্রাপ্তির কথা স্বীকার করেননি। কুমারগ্রামে তৃণমূল নেতা দলীয় পদ ছাড়ার জন্য সাংবাদিক সম্মেলন করেছেন। তবে জেলা নেতৃত্ব বিষয়টি নিয়ে কোনরকম মুখ খুলতে চাইছেন না।



# ফালাকাটায় উদ্ধার বিপুল পরিমাণ গাঁজা ,গ্রেপ্তার ২




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৭ সেপ্টেম্বর : প্রায় ৪৬ কেজি গাঁজা সহ দুজনকে গ্রেফতার করল ফালাকাটা থানার পুলিশ। গোপন সুত্রে খবরের ভিত্তিতে ফালাকাটা থানার পুলিশ ফালাকাটার স্টেশন বাজার এলাকায় অভিযান চালায়। অভিযান চালিয়ে ৪৫.৮৩ কেজি গাঁজা সহ হুগলির বাসিন্দা বিকাশ মাহাতো ও সুখদেব দাস নামক দুজনকে গ্রেফতার করে। বুধবার দুপুরে তাদেরকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলার পর তাদেরকে ১০ দিনের পুলিশ হেফাজতে নেয় ফালাকাটা থানার পুলিশ। মাদক ব্যবসায় জড়িত ব্যক্তিগণ ভিন জেলা থেকে এসে ফালাকাটায় আস্তানা গেড়েছে এমনটাই মনে করছে পুলিশ। তবে তাদের সঙ্গে কারা জড়িত আছে জিজ্ঞাসাবাদ করার পরেই জানা যাবে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |